

## পরিপত্র

নং-৪৫.১৬৫.০৫২.০১.০০.০০১.২০১৪-২৫২

তারিখ: ২৪/০৬/২০১৪

বিষয়: স্বাস্থ্য স্থাপনার জন্য যন্ত্রপাতি, চিকিৎসা সরঞ্জামাদি ও ঔষধপত্র ক্রয় প্রসংগে।

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, কেন্দ্রীয় ঔষধাগার সহ বিভিন্ন হাসপাতালে শত শত যন্ত্রপাতি বাস্তুবন্দি এবং ঔষধপত্র অব্যবহৃত অবস্থায় পড়ে রয়েছে। ইতোমধ্যে অনেক যন্ত্রপাতির ওয়ারেন্টি পিরিয়ডও শেষ হয়ে গেছে এবং ঔষধপত্রের মেয়াদ উত্তীর্ণ হওয়ার পথে। ফলশ্রুতিতে সরকারের কোটি কোটি টাকা অপচয় হচ্ছে। এ অবস্থা নিরসনের লক্ষ্যে সরকার নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করেছেন:

- ১। প্রান্তিক ব্যবহারকারী (End User) প্রয়োজনীয় যন্ত্রপাতি, চিকিৎসা সরঞ্জামাদি এবং ঔষধপত্রের চাহিদা কর্তৃপক্ষের কাছে প্রেরণ করবেন। প্রান্তিক ব্যবহারকারীর চাহিদার ভিত্তিতে কর্তৃপক্ষ যন্ত্রপাতি ও চিকিৎসা সরঞ্জামাদি এবং ঔষধপত্র ক্রয়ের জন্য সিএমএসডিকে অনুরোধ জানাবেন।
- ২। অপারেশনাল প্লানে অন্তর্ভুক্ত রয়েছে এবং বাজেটে অর্থের সংস্থান আছে এই অজুহাতে প্রান্তিক ব্যবহারকারী (End User) এর চাহিদা ব্যতীত কোন যন্ত্রপাতি, চিকিৎসা সরঞ্জামাদি এবং ঔষধপত্র ক্রয় করা যাবে না। প্রান্তিক ব্যবহারকারীর চাহিদা ব্যতীত, যন্ত্রপাতি, চিকিৎসা সরঞ্জামাদি এবং ঔষধপত্র ক্রয় করা হলে ক্রয়কারীর বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ৩। প্রান্তিক ব্যবহারকারী চাহিদা পত্রের সাথে সংশ্লিষ্ট যন্ত্রপাতি স্থাপনের প্রয়োজনীয় অবকাঠামো এবং যন্ত্রপাতি ব্যবহারের প্রয়োজনীয় জনবল রয়েছে কিনা তা অবশ্যই উল্লেখ করবেন। কর্তৃপক্ষ সংশ্লিষ্ট যন্ত্রপাতি স্থাপনের প্রয়োজনীয় অবকাঠামো এবং যন্ত্রপাতি ব্যবহারের জনবল সম্পর্কে নিশ্চিত হয়ে যন্ত্রপাতি ও চিকিৎসা সরঞ্জামাদি ক্রয়ের ব্যবস্থা গ্রহণ করবেন।
- ৪। ঔষধপত্র ও চিকিৎসা সরঞ্জামাদি ক্রয়কালে পিপিএ এবং পিপিআর এর বিধানাবলী আবশ্যিকভাবে মেনে চলতে হবে। তবে আরপিএ অর্থে ক্রয়ের ক্ষেত্রে সংশ্লিষ্ট উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান সমূহের বিধানাবলীও অনুসরণ করতে হবে।
- ৫। (ক) উচ্চ প্রযুক্তির চিকিৎসা যন্ত্রপাতি (যেমন- Linear accelerator মেশিন, MRI, CT Scan, এনজিওগ্রাম) ক্রয়ের ক্ষেত্রে টেন্ডার ডকুমেন্টে Installation, Commissioning, Training ইত্যাদি বিষয়ে আলাদা আলাদাভাবে Payment Schedule এ সু-স্পষ্টভাবে অন্তর্ভুক্ত করতে হবে।

অথবা

উচ্চ প্রযুক্তির যন্ত্রপাতি ক্রয়ের পর তা যেন বাস্তু বন্দি অবস্থায় পড়ে না থাকে সে জন্য প্রান্তিক ব্যবহারকারী উচ্চ প্রযুক্তির চিকিৎসা যন্ত্রপাতি স্থাপনের স্থাপনাসহ আনুষঙ্গিক ব্যবস্থা গ্রহণের পর যন্ত্রপাতির চাহিদা কর্তৃপক্ষের কাছে প্রেরণ করবেন।


(খ) উচ্চ প্রযুক্তির চিকিৎসা যন্ত্রপাতি সরবরাহকারীকে ন্যূনতম ৫(পাঁচ) বছরের নিরবচ্ছিন্ন খুচরা যন্ত্রাংশের Guarantee প্রদান করতে হবে।

(গ) উচ্চ প্রযুক্তির চিকিৎসা যন্ত্রপাতি সরবরাহকারীকে ন্যূনতম ৫(পাঁচ) বছরের "Complete After Sales Service" এর নিশ্চয়তা দিতে হবে।

৯৯৯৯



- (ঘ) উচ্চ প্রযুক্তির চিকিৎসা যন্ত্রপাতি সরবরাহকারীকে লোকবল প্রশিক্ষণের নিশ্চয়তা দিতে হবে।
- ৬। যে কোন যন্ত্রপাতি অকেজো হওয়ার ৭ (সাত) কর্ম দিবসের মধ্যে সংশ্লিষ্ট হাসপাতাল/স্বাস্থ্য প্রতিষ্ঠান সমূহ নিমিউ (NEMEW)কে অবহিত করবে ও মন্ত্রণালয়ে পত্রের অনুলিপি প্রেরণ করবে। নির্ধারিত সময়ের মধ্যে অকেজো যন্ত্রপাতির তথ্যাদি নিমিউতে প্রেরণ করা না হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ৭। গণপূর্ত অধিদপ্তর এবং স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর যন্ত্রপাতি স্থাপনের জন্য স্থাপনা স্ট্যান্ডার্ড ডিজাইন অনুসারে হাসপাতাল/স্বাস্থ্য স্থাপনা নির্মাণ করবে।

  
 (মো: আইয়ুবুর রহমান খান)  
 অতিরিক্ত সচিব (উ: ও চি:শি:)  
 স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহা পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। মহা পরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরানবাজার, ঢাকা।
- ৩। মহা পরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, ১০৫/১০৬, মতিঝিল বা/এ, ঢাকা।
- ৪। মহা পরিচালক, নিপোর্ট, আজিমপুর, ঢাকা।
- ৫। প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ১০৫/১০৬, মতিঝিল বা/এ, ঢাকা।
- ৬। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর
- ৭। পরিচালক, সেবা পরিদপ্তর মতিঝিল, ঢাকা।
- ৮। ব্যবস্থাপনা পরিচালক, ইডিসিএল, তেজগাঁও, ঢাকা।
- ৯। পরিচালক, সিএমএসডি, তেজগাঁও, ঢাকা।
- ১০। পরিচালক (হাসপাতাল), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ১১। লাইন ডাইরেক্টর (সকল) .....
- ১২। পরিচালক/অধ্যক্ষ (সকল)..... মেডিকেল কলেজ/মেডিকেল কলেজ হাসপাতাল
- ১৩। বিভাগীয় পরিচালক, (স্বাস্থ্য) (সকল) .....
- ১৪। বিভাগীয় পরিচালক, (প:ক) (সকল) .....
- ১৫। পরিচালক (সকল)..... মেডিকেল কলেজ হাসপাতাল
- ১৬। তত্ত্বাবধায়ক (সকল)..... মেডিকেল কলেজ হাসপাতাল
- ১৭। সিভিল সার্জন (সকল) .....
- ১৮। উপ পরিচালক (প:ক:)(সকল).....
- ১৯। উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা (সকল).....
- ২০। উপজেলা (প:ক:)(সকল).....

অনুলিপি :

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৪। অতিরিক্ত সচিব, মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৫। অতিরিক্ত সচিব (প্রশাসন), মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৬। যুগ্ম- সচিব (হাসপাতাল ও নার্সিং), মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৭। যুগ্ম- সচিব (পরিবার কল্যাণ), মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়